ঝিনাইদহের মহেশপুরে বিদ্যুতের পিলার থেকে তার ছিঁড়ে নিহত ১: আহত ১

ঝিনাইদহের মহেশপুরে বিদ্যুতের মেইন লাইনের তার ছিড়ে রাস্তায় পড়ে বিদ্যুতায়িত হয়ে একজনের মৃত্যু হয়েছে। একই ঘটনায় গুরুতর আহত হয়েছে আরও একজন। তাকে উন্নত চিকিৎসার জন্য যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারি) বিকেলে উপজেলা শহরের কলেজ বাস স্ট্যান্ডে এ দুর্ঘটনা ঘটে।

পুলিশ ও ফায়ার সার্ভিসের পক্ষ থেকে জানায়, বিকেলে শহরের কলেজ বাসস্ট্যান্ডে কাজ করছিলো উপজেলার ফতেপুর গ্রামের কাঠমিস্ত্রি খোকন সেন। এসময় ওজোপাডিকোর মেইন তার ছিড়ে তার গায়ের উপর পড়ে আগুন ধরে যায়। এতে বিদ্যুতায়িত হয়ে ও আগুনে পুড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। আহত হয় মহেশপুর পৌরসভার বেগমপুর গ্রামের কিশোর তানজিল হোসেন।

মৃত খোকন সেন (৪৫) ফতেপুর ইউনিয়নের ফতেপুর মিস্ত্রী পাড়ার মৃত দুলাল মজুমদারের ছেলে। গুরুতর আহত মো. তানজিল হোসেন (১৪) মহেশপুর পৌরসভার বেগমপুর গ্রামের আমিনুর রহমানের ছেলে।

খবর পেয়ে ফায়ার সার্ভিস ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। আহত তানজিলকে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে উন্নত চিকিৎসার জন্য তাকে যশোর জেনারেল কলেজ হাসপাতালে রেফার্ড করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসকরা।